

কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে মিউজিক ভিডিও-পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১ ঃ মেহেরপুর-মঙ্গলবার ১৪ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৯ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২১ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর


## তরুণ কৃষি উদ্যোক্তাদের জন্য 'সোশ্যাল বিজনেস ফান্ড' গঠনের আহ্বান প্রধান উপদেষ্টার

সূর্যোদয় প্রতিবেদন

ইতালির রোমে ওয়ার্ল্ড ফুড ফোরামের সাইডলাইনে তরুণ কৃষি উদ্যোক্তাদের জন্য সামাজিক ব্যবসা তহবিল গঠনের আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সোমবার (১৩ অক্টোবর) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে জানানো হয় এ তথ্য। আগের দিন, আইএফএডি প্রেসিডেন্ট আলভারো লারিওর সঙ্গে বৈঠকে তিনি এই প্রস্তাব দেন। প্রধান উপদেষ্টা বলেন, এই তহবিল কৃষি, স্বাস্থ্য ও উদ্যোক্তা তৈরিতে ভূমিকা রাখবে। এসময় গভীর সমুদ্র মৎস্য আহরণ, আমকাঁঠাল রফতানি, জলবায়ু সহনশীল কৃষি ও দুগ্ধ শিল্পে সহযোগিতার বিষয়েও আলোচনা হয়।বৈঠকে বাংলাদেশে সামাজিক ব্যবসা উদ্যোগে সহযোগিতার আগ্রহ প্রকাশ করেন আইএফএডি প্রেসিডেন্ট। উল্লেখ্য, রোববার ওয়ার্ল্ড ফুড ফোরাম'-এর বৈঠকে যোগ দিতে ইতালির রোমে

২-এর পৃষ্ঠা দেখুন

# গাংনীতে ভ্যাকসিনে বাণিজ্য!

## কর্মকর্তার বিরুদ্ধে খামারিদের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক,গাংনী

গাংনী উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আলাউদ্দিনের বিরুদ্ধে সরকারি বরাদ্দকৃত লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি) ভ্যাকসিন খামারিদের কাছে টাকা নিয়ে বিক্রির অভিযোগ উঠেছে। স্থানীয় খামারিদের অভিযোগ, বিনামূল্যে দেওয়ার কথা থাকলেও ওই কর্মকর্তা গোপনে ৩ হাজার ৭০০ টাকা করে ভ্যাকসিন বিক্রি করছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার বিভিন্ন খামারে গরুর সংখ্যা ৫৮ হাজার ৩৬৫টি, ছাগল ১ লাখ ৩ হাজার ৮৬৯টি এবং অন্যান্য গবাদিপশু মিলিয়ে মোট সংখ্যা প্রায় ২ লাখ। এর মধ্যে ভাইরাসজনিত লাম্পি স্কিন ডিজিজ ছড়িয়ে পড়ায় খামারিদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সরকারি ভ্যাকসিন না পেয়ে অনেক খামারি বাধ্য হয়ে অতিরিক্ত দামে বাইরে থেকে ভ্যাকসিন কিনছেন। অভিযোগ রয়েছে, এই সুযোগ কাজে লাগিয়ে ডা. আলাউদ্দিন স্থানীয় ফার্মেসির মাধ্যমে সরকারি ভ্যাকসিন বিক্রি করছেন। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন




খামারি জানান, কর্মকর্তা ও কিছু ফার্মেসির যোগসাজশে লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়া হচ্ছে। প্রেসক্রিপশনে নির্দিষ্ট কোম্পানির ভিটামিন ও ওষুধ লিখে খামারিদের সঙ্গে প্রতারণার অভিযোগও রয়েছে। উপজেলার কাজিপুর, হাড়াভাঙ্গা, কাষ্টদহ, জুগিরঘোফা, ধর্মচাকী, ভোমরদহ, কসবাসহ কয়েকটি গ্রামে রোগটির প্রাদুর্ভাব বেশি। ছোট বাছুরের মধ্যে এই রোগে মৃত্যুহারও বেশি। এতে স্থানীয় খামারিদের মধ্যে চরম উদ্বেগ দেখা দিয়েছে। অভিযোগের বিষয়ে প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আলাউদ্দিন বলেন, "আমি কোনো ভ্যাকসিন বাইরে বিক্রি করিনি। সরকারি বরাদ্দকৃত ভ্যাকসিন খামারিদের বিনামূল্যে দেওয়া হচ্ছে। টাকা নেওয়ার অভিযোগ মিথ্যা।" এদিকে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মোত্তালেব আলী বলেন, "চলতি বছর সরকার থেকে ৫,৪০০ ডোজ এলএসডি ভ্যাকসিন পাওয়া গেছে। এর মধ্যে ৪,৪৯৬ ডোজ ইতিমধ্যে খামারিদের বিনামূল্যে দেওয়া হয়েছে। সরকারি ভ্যাকসিন বিক্রির কোনো সুযোগ নেই। তালিকা সংরক্ষিত আছে। কেউ প্রমাণ দিতে পারলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে।" ভাইরাসজনিত এই রোগ দ্রুত ছড়িয়ে পড়ায় গাংনী উপজেলার হাজারো খামারি ও কৃষক এখন লাম্পি আতঙ্কে ভুগছেন।







## মেহেরপুর, মুজিবনগর ও গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

নিজস্ব প্রতিবেদক

"সম্মিলিত উদ্যোগ, প্রতিরোধ করি দুর্যোগ" এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুর, মুজিবনগর ও গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস- পালিত হয়েছে। মেহেরপুর ও গাংনী থেকে আমাদের প্রতিবেদকের পাঠানো খবর। মেহেরপুরঃ মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‌্যালি বের হয়। র‌্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। র‌্যালী শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সভাপতিত্বকরেন। সভায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম। এছাড়া বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামুল হক, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের উপ-সহকারী পরিচালক সাকরিয়া হায়দার এবং ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হায়দার। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, আবির আনসারী, শেখ তৌহিদুল কবীর, পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, সদর উপজেলা খাদ্য কর্মকর্তা এরশাদ আলীসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীরা। র‌্যালি শেষে ফায়ার সার্ভিস ও সিভিল

২-এর পৃষ্ঠা দেখুন



## ভাউচার ছাড়া সার বিক্রি ব্যবসায়ির জরিমানা

নিজস্ব প্রতিবেদক

ভাউচার ছাড়া সার বিক্রির অপরাধে মেহেরপুর সদর উপজেলার নতুন মদনাডাঙ্গা বাজার এলাকার মেসার্স মাসুদ আল নূর নামের একটি প্রতিষ্ঠানকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। গতকাল সোমবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী থানা পুলিশের অভিযানে দুই নারীসহ ৭জন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

বিভিন্ন মামলার ৭ আসামীকে গ্রেফতার করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ। রোব্বার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের কয়েকটি টীম উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করে। গ্রেপ্তারকৃতরা হলেন- যুগিন্দাগ্রামের অমরেদ মন্ডলের ছেলে জেমস প্রকাশ মন্ডল (৬৬), হিজলবাড়ীয়া গ্রামের ঝড়ু বিশ্বাসের ছেলে মনিরুল ইসলাম (২৮), একই গ্রামের আলী আকবরের ছেলে আশরাফুল (৪৯), মৃতঃ সামছদ্দিনের ছেলে জামরুল ও মৃতঃ নজরুলের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রুদ্রনগর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে এক গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকাল ৫টায় রুদ্রনগর

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গা বিজিবির মাদক ও চোরাচালান পণ্য উদ্ধার

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সীমান্ত সুরক্ষায় নিয়োজিত চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) সম্প্রতি একাধিক সফল অভিযান পরিচালনা করেছে। ৫ অক্টোবর থেকে ১১ অক্টোবর ২০২৫ পর্যন্ত চলা এ অভিযানে সীমান্তবর্তী বিভিন্ন এলাকা থেকে বিপুল পরিমাণ মাদকদ্রব্য ও চোরাচালানপণ্য জব্দ করা হয়েছে। জব্দকৃত মালামের বাজারমূল্য প্রায় ২১,০৩,৩০০ টাকা। অভিযান চলাকালীন দর্শনা আইসিপি, সুলতানপুর, বড়বলদিয়া, ফুলবাড়ী, ঠাকুরপুর, মুন্সিপুর, হুদাপাড়া, আনন্দবাস,

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিএনপি মহিলা দলের কর্মীসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে সোমবার বিকেলে জেলা পুলিশ লাইনের পাশে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর

২-এর পৃষ্ঠা দেখুন




## জেলা স্কাউটসের কার্যনির্বাহী কমিটির সভা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জেলা কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভঅ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা স্কাউটস সভাপতি ড. মো. আবদুল ছালাম। সভায় উপস্থিত ছিলেন মেহেরপুরের ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রাহিম, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, গবেষণা কর্মকর্তা আক্তার হোসেন, জেলা স্কাউটসের সাধারণ সম্পাদক আবুল হোসেন, কামদেবপুর মাধ্যমিক

২-এর পৃষ্ঠা দেখুন

## ভোটকেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে ভোটকেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে গ্রামবাসীর উদ্যোগে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন কমিটির আহ্বায়ক আসলাম আলীর নেতৃত্বে আয়োজিত কর্মসূচিতে বক্তব্য রাখেন ৮নং ওয়ার্ড বিএনপির সভাপতি মজিবার রহমান, ইউপি সদস্য জাকির হোসেন লিটন, বিএনপি নেতা সিদ্দিক আজিজ বাবলু ও সাইদুর রহমান প্রমুখ। বক্তারা অভিযোগ করেন, বিদ্যালয় থেকে ভোটকেন্দ্র স্থানান্তরের ষড়যন্ত্র চলছে, যা গ্রামবাসী মেনে নেবে না। তারা ভোটকেন্দ্র আগের

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে "তরুণ নেতৃত্ব বিকাশ" প্রশিক্ষণ সম্পন্ন

নিজস্ব প্রতিবেদক,মুজিবনগর

মুজিবনগরের প্রাণিসম্পদ অফিসে তিন দিন ব্যাপী খ "তরুণ নেতৃত্ব বিকাশ" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ১১ থেকে ১৩ অক্টোবর পর্যন্ত ৮ জন নারী ও ১০ জন পুরুষ যুব প্রতিনিধি অংশগ্রহণ করেন। তারা স্থানীয় রাজনৈতিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক যুব সংগঠন এবং ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপের সদস্য।প্রশিক্ষণে গণতন্ত্র, নাগরিক অধিকার, আত্মপরিচয়, কার্যকর যোগাযোগ, নেতৃত্ব বিকাশ ও দলগঠনের কৌশল নিয়ে কাজ হয়েছে। অংশগ্রহণকারীরা একটি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে দুই কোটি টাকার এসওপি সার প্রশাসনের জিম্মায়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে দুই কোটি টাকা মূল্যের এসওপি সার আটক করেছে উপজেলা প্রশাসন। রবিবার (১২ অক্টোবর) রাতে গাংনী পৌর এলাকার বসুন্ধারা পাড়া মোড়ের আর এ এন্টারপ্রাইজ নামের একটি গোডাউনে অভিযান চালিয়ে সারগুলো আটক করা হয়। জানা যায়, কুষ্টিয়া-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের পাশে থাকা ওই গোডাউনে ট্রাকে করে ৩৩৬০ বস্তা এসওপি সার আনলোড করা হচ্ছিল। স্থানীয়দের সন্দেহ হলে বিষয়টি উপজেলা প্রশাসন ও থানা পুলিশকে জানানো হয়। পরে তারা ঘটনাস্থলে গিয়ে সারগুলো আটক করেন। প্রাথমিকভাবে জানা গেছে, সারগুলো চট্টগ্রামের নাফকো কোম্পানি থেকে ক্রয় করেছে একটি তামাক কোম্পানি। ঝিনাইদহ জেলার জন্য এসব সার আনা হলেও কোনো কারণে তা গাংনীতে আনলোড করা হয়। আর এ এন্টারপ্রাইজের পরিচালক বাপ্পি জানান, "আমাদের দোকান রড-সিমেন্টের। শ্রমিকলীগ নেতা মনিরুজ্জামান ফোন করে বলেন, কিছু সার নামানো হবে, পরে কোম্পানির লোক এসে নিয়ে যাবে। দোকান খালি থাকায় আমরা রাখার অনুমতি দিয়েছিলাম। এ বিষয়ে শ্রমিক

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর (নারীর ইজ্জতের দাম আড়াই লাখ)**

গৈ গ্রামের দুষ্টু ছেলে
সুযোগ খুঁজতে থাকে
সুযোগ বুঝে প্রাচীর টোপকে
ঘরের ভিতরে ঢোকে।
কেউ দেখবে না এই সুযোগে
ঘর টি আছে ফাঁকা
স্বামী তার বিদেশ থাকে
ব?উ থাকে ঘরে একা।
কাজ সেরে পড়লি ধরা
সমাজ বসলো বিচারে
জরিমানার খাইলো টাকা
সমাজপতি আর পুলিশে।
ইজ্জতের দাম এতই সস্তা
স?ই করালি তালাকে
আইনের কলে পাড়তে হবে
সমাজপতি আর পুলিশকে।



## প্রত্যেক উপদেষ্টা আখের গোছানোর কাজ করে রেখেছেন'- সামান্তা শারমিন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় প্রেসক্লাবের সামনে এমপিওভুক্ত শিক্ষকদের আন্দোলনে পুলিশের লাঠিপেটার ঘটনায় তীব্র সমালোচনা করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নেতারা। দলটির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন বলেছেন, "অন্তর্বর্তী সরকারের প্রত্যেক উপদেষ্টা

২-এর পৃষ্ঠা দেখুন

## কোনো দলের সঙ্গে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেয়নি: মামুনুল হক

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে হেফাজতে ইসলাম বাংলাদেশ কোনো রাজনৈতিক দলের সঙ্গে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেয়নি বলে জানিয়েছেন সংগঠনটির যুগ্ম মহাসচিব আল্লামা মামুনুল হক। তিনি বলেন, "হেফাজতে ইসলাম একটি অরাজনৈতিক সংগঠন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা বা কোনো দলের সঙ্গে জোট করা আমাদের নীতিমালায় নেই। আমাদের কোনো নেতাকর্মী যদি ব্যক্তিগতভাবে রাজনৈতিক কার্যক্রমে যুক্ত হন, সেটি তার ব্যক্তিগত সিদ্ধান্তড়সংগঠনের

২-এর পৃষ্ঠা দেখুন



## জাতীয় নির্বাচনের দিন গণভোট করলে 'আম-ছালা দুইটাই যাবে': ডা. তাহের

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচনের দিন গণভোট আয়োজন করা হলে 'আম ও ছালা দুইটাই যাবে' বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী'র নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। সোমবার (১৩ অক্টোবর) দুপুরে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ২৯ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৪ অক্টোবর ২০২৫ইং

## চুয়াডাঙ্গায় বিষাক্ত স্পিরিট পানে আরও একজনের মৃত্যু, মৃতের সংখ্যা সাত

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় বিষাক্ত পানীয় স্পিরিট পানে অসুস্থ হয়ে হায়েস আলী (৪০) নামে আরও একজন দিনমজুরের মৃত্যু হয়েছে। এ ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে সাতজন। এছাড়া আরও চারজন দিনমজুর চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গতকাল সোমবার দুপুরে হায়েস আলীর লাশ উদ্ধার করে সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। হায়েস আলী চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের কাথুলী গ্রামের গোলাম রসুলের ছেলে। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, "সন্দেহজনকভাবে ধারণা করা হচ্ছে, তিনি বিষাক্ত স্পিরিট পান করার কারণে অসুস্থ হয়ে মারা গেছেন।



স্থানীয়রা জানিয়েছেন, তিনি নেশায় আসক্ত ছিলেন।" প্রাথমিক তদন্তে জানা গেছে, গত বৃহস্পতিবার রাতে ডিঙ্গেদহ বাজার এলাকায় কয়েকজন মিলে স্পিরিট পান করেন। এরপর একে একে অসুস্থ হয়ে পড়েন সবাই। শনিবার (১১ অক্টোবর) প্রথমে দুইজন এবং পরদিন রোববার আরও চারজন মারা যান। এদের মধ্যে চারজনের লাশ পরিবারের সদস্যরা গোপনে দাফন করেছেন। মৃত ব্যক্তিরা হলেন- নফরকান্তি গ্রামের খেদের আলী (৪০), খেজুরা গ্রামের সেলিম (৪০), পিরোজখালি গ্রামের লালটু ওরফে রিপু (৩০), শংকরচন্দ্র গ্রামের শহীদ (৪৫), ডিঙ্গেদহ গ্রামের সামির (৫৫), ডিঙ্গেদহ গ্রামের সরদার লালটু (৫২), কাথুলী গ্রামের হায়েস আলী (৪০)। এ ঘটনায় সোমবার (১৩ অক্টোবর) সকালে জেলা স্বাস্থ্য বিভাগের একটি প্রতিনিধি দল বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। দলের নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আওলিয়ার

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## গ্যাস ও কোষ্ঠকাঠিন্য কমাবে ৭ সুপারফুড

সূর্যোদয় প্রতিবেদন

আজকের ব্যস্ত জীবনে অনিয়মিত খাদ্যাভ্যাস ও স্ট্রেসের কারণে অনেকেই নিয়মিত গ্যাস এবং কোষ্ঠকাঠিন্যের সমস্যায় ভুগছেন। বিশেষ করে গুরুপাক খাওয়ার পরপরই শুরু হয় পেটব্যথা, অস্বস্তি বা পেট ফোলার মতো বিরক্তিকর উপসর্গ। সমস্যা দীর্ঘস্থায়ী হয়ে উঠলে জীবনযাত্রায় ব্যাঘাত ঘটে। এই সমস্যার সমাধানে হার্ভার্ড মেডিকেল স্কুলের গ্যাস্ট্রোএন্টারোলজিস্ট ডা. সৌরভ শেঠি সুপারিশ করেছেন ৭টি কার্যকর সুপারফুড। তার মতে, এই খাবারগুলো নিয়মিত খাদ্যতালিকায় রাখলে গ্যাস, পেট ফোলা ও কোষ্ঠকাঠিন্যের সমস্যা অনেকটাই নিয়ন্ত্রণে রাখা সম্ভব। ফাইবার ও অ্যাকটিনিডিন এনজাইমে সমৃদ্ধ কিউই হজম শক্তি বাড়ায় এবং পেট ফোলার সমস্যা কমায়। প্রতিদিন একটি কিউই খেলে হজমের উন্নতি ঘটে। গ্যাস ও কোষ্ঠকাঠিন্যের প্রাকৃতিক প্রতিকার হিসেবে কাজ করে মৌরি। এটি হজম বাড়ায় এবং পেটের অস্বস্তি দূর করে। পুদিনা তেল বা পুদিনা চা পেটের পেশিকে শান্ত করে এবং জমে থাকা গ্যাস দূর করতে সাহায্য করে। তাই গ্যাসের সমস্যা হলে পুদিনা পাতার পানি বেশ উপকারী।

৩-এর পৃষ্ঠা দেখুন



## জনগণ আরেকবার রায় দেবে, বাংলাদেশ অসাম্প্রদায়িক: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশকে একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র হিসেবে গড়ে তোলার প্রত্যয়ে বিএনপি দৃঢ় প্রতিজ্ঞ বলে জানিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, "বাংলাদেশকে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে দেখার নানা চেষ্টা চলছে, কিন্তু আমরা বিশ্বাস করিড়বাংলাদেশ অসাম্প্রদায়িক চেতনার দেশ। আগামী নির্বাচনে জনগণ আবারও রায় দেবে, তারা অসাম্প্রদায়িক বাংলাদেশই চায়।" সোমবার রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারপারসনের কার্যালয়ে বাংলাদেশ খ্রিষ্টান ফোরাম নেতাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন বিএনপির মহাসচিব। মির্জা ফখরুল বলেন, "আজকের রাজনীতিতে একটি প্রবণতা দেখা যাচ্ছেড়১৯৭১ সালে আমরা যে স্বাধীনতার জন্য যুদ্ধ করেছিলাম, সেই আলাদা পরিচয়

৩-এর পৃষ্ঠা দেখুন

## এনসিপির দাবির মধ্যেই 'শাপলা' প্রতীকের জন্য আবেদন করলো বাংলাদেশ কংগ্রেস

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দলীয় প্রতীক হিসেবে 'শাপলা' দাবি করে আসছে বেশ কিছুদিন ধরেই। এরই মধ্যে নতুন করে আরেকটি রাজনৈতিক দল একই প্রতীক চেয়ে নির্বাচন কমিশনে (ইসি) আবেদন করেছে। দলীয় প্রতীক হিসেবে জাতীয় ফুল 'শাপলা' বরাদ্দের দাবিতে সোমবার (১৩ অক্টোবর) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের কাছে আবেদনপত্র জমা দিয়েছে বাংলাদেশ কংগ্রেস। বর্তমানে দলটির প্রতীক 'ডাব'। কংগ্রেসের মহাসচিব অ্যাডভোকেট মো. ইয়ারুল ইসলাম স্বাক্ষরিত ওই আবেদনে জানানো হয়, 'শাপলা' প্রতীকের প্রথম দাবিদার তারাই। তাই কমিশন যদি জাতীয় ফুলকে পুনরায় রাজনৈতিক প্রতীক হিসেবে অনুমোদন দেয়, তবে অগ্রাধিকার ভিত্তিতে 'বাংলাদেশ

২-এর পৃষ্ঠা দেখুন



## অস্থায়ী কারাগার' প্রসঙ্গে যা বললেন চিফ প্রসিকিউটর

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেছেন, কোনো জায়গাকে কারাগার হিসেবে ঘোষণা করা প্রসিকিউশন বা তদন্ত সংস্থার এখতিয়ারের বিষয় নয়। তিনি বলেন, "আমাদের কাজ হলো আইনের বিধান অনুযায়ী পদক্ষেপ নেওয়া। কোনো আসামিকে গ্রেফতার করা হলে তাকে ২৪ ঘণ্টার মধ্যে আদালতে হাজির করতে হবেড়এটাই সংবিধান, ট্রাইব্যুনাল আইন ও ফৌজদারি কার্যবিধির নির্দেশনা। এরপর আদালত যেখানেই রাখতে বলবেন, সেখানেই রাখা হবে।" সোমবার (১৩ অক্টোবর) ট্রাইব্যুনাল প্রাঙ্গণে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। এর আগে গত ১২ অক্টোবর সরকার ঢাকা সেনানিবাসের একটি ভবনকে সাময়িকভাবে 'কারাগার' ঘোষণা করে। আন্তর্জাতিক অপরাধ

২-এর পৃষ্ঠা দেখুন

## কোন সমীকরণে ২০২৭ বিশ্বকাপ খেলতে পারবে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

টি-টোয়েন্টিতে বাংলাদেশের সাম্প্রতিক পারফরম্যান্স স্বস্তিদায়ক হলেও ওয়ানডেতে অবস্থা শোচনীয়। অথচ, এই সংস্করণেই একসময় সবচেয়ে ভালো খেলত টাইগাররা। অবস্থা এতই খারাপ যে, সবশেষ ১১ ম্যাচের ১০টিতেই দেখতে হয়েছে হার। সিরিজ হার টানা চারটি। এমন বাজে পারফরম্যান্সের প্রভাব স্বাভাবিকভাবেই পড়েছে আইসিসি র‍্যাঙ্কিংয়ে। ১০ নম্বরে আছে দলটি। যা গত ১৯ বছরের মধ্যে সর্বনিম্ন। এমন অবস্থায় দলের ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপে খেলাও পড়েছে শঙ্কায়। দক্ষিণ আফ্রিকা-জিম্বাবুয়ে ও নামিবিয়ায় অনুষ্ঠেয় ওই বিশ্বকাপে সরাসরি খেলতে হলে ২০২৭ সালের ৩১ মার্চ র‍্যাঙ্কিংয়ের সেরা নয়ে থাকতে হবে বাংলাদেশকে। তবে সহ-

২-এর পৃষ্ঠা দেখুন



## স্বজনদের আলিঙ্গনে ফিরলেন মুক্ত ফিলিস্তিনিরা

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের বন্দীশালা থেকে অবশেষে মুক্তি পেয়েছেন বহুদিন ধরে আটক থাকা ফিলিস্তিনিরা। আজ সোমবার দুপুরে মুক্তিপ্রাপ্তদের বহনকারী দুটি বাস পশ্চিম তীরের রামাল্লায় পৌঁছালে সেখানে সৃষ্টি হয় এক আবেগঘন পরিবেশ। দীর্ঘ প্রতীক্ষার পর স্বজনদের ফিরে পেয়ে কান্না, উল্লাস ও আনন্দে ভেসে ওঠেন উপস্থিত সবাই। কেউ জড়িয়ে ধরেন প্রিয়জনকে, কেউ আবার মুক্তির আনন্দে চিৎকার করে কাঁদতে থাকেন। মুহূর্তেই রামাল্লার বাতাস ভারী হয়ে ওঠে আনন্দাশ্রু ও উচ্ছ্বাসে। ইসরায়েল জীবিত সব জিম্মিকে মুক্তি দেওয়ার পর বন্দি ফিলিস্তিনিদের মুক্তির প্রক্রিয়া শুরু করে। মোট ১ হাজার ৯৫০ জন ফিলিস্তিনিকে মুক্তি দেওয়া হচ্ছে বলে জানিয়েছে ফিলিস্তিনি প্রশাসন।

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেক্সিকোতে ভারি বৃষ্টিতে বন্যা প্রাণহানি বেড়ে ৪৪

সূর্যোদয় প্রতিবেদন

মেক্সিকোতে মৌসুমি ঝড় ও ভারী বর্ষণের কারণে সৃষ্ট বন্যা-ভূমিধসে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪৪ জনে। নিখোঁজ রয়েছেন আরও অন্তত ২৭ জন। স্থানীয় সময় রোববার দেশটির কেন্দ্রীয় দুর্যোগ মোকাবিলা দপ্তর থেকে দেওয়া এক বিবৃতিতে জানানো হয়েছে এ তথ্য। বিবৃতিতে বলা হয়, ঝড়-বৃষ্টি ও ভূমিধসে মেক্সিকোর পাঁচটি

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতিসংঘের সঙ্গে ৫৭ বছরের পুরনো পরমাণু চুক্তি স্থগিত করল ইরান

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘের পরমাণু প্রকল্প পর্যবেক্ষণ সংস্থা ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি (আইএইএ)-এর সঙ্গে স্বাক্ষরিত সহযোগিতা চুক্তি স্থগিত করেছে ইরান। রোববার রাষ্ট্রায়ত্ত টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে দেশটির পররাষ্ট্রমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি বিষয়টি নিশ্চিত করেছেন। আরাঘচি বলেন, 'আমরা আইএইএ-এর সঙ্গে পরমাণু সহযোগিতা চুক্তি স্থগিত করেছি। জাতিসংঘ যদি এমন কোনো প্রস্তাব দেয়, যা ইরানের অধিকার ও জাতীয় স্বার্থ রক্ষায় সহায়ক হয়ড় আমরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## আদানির ঘুষ মামলায় সহযোগিতা করছে না ভারত, অভিযোগ এসইসির

সূর্যোদয় প্রতিবেদন

ভারতীয় শিল্পগোষ্ঠী আদানি গ্রুপের চেয়ারম্যান ও বিশ্বের অন্যতম ধনী ব্যক্তি গৌতম আদানির বিরুদ্ধে চলমান ঘুষ ও দুর্নীতির মামলায় সহযোগিতা করছে না ভারতড় এমন অভিযোগ তুলেছে যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (এসইসি)। গত শুক্রবার (১০ অক্টোবর) নিউইয়র্কের একটি আদালতে জমা দেওয়া নথিতে এসইসি অভিযোগ করে যে, আদানি গ্রুপের বিরুদ্ধে তদন্তে সহায়তা করতে এবং সমন পৌঁছে দিতে ভারতীয় কর্তৃপক্ষ ব্যর্থ হয়েছে। কমিশন আদানি গ্রুপের বিরুদ্ধে ২৬৫ মিলিয়ন মার্কিন ডলারের ঘুষ কেলেঙ্কারি ও সম্ভাব্য সিকিউরিটি জালিয়াতির অভিযোগ তদন্ত করছে। রয়টার্সের প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্রের রাজ্য নিয়ন্ত্রক সংস্থাগুলো বারবার ভারতের সঙ্গে যোগাযোগ করলেও কোনো কার্যকর সহায়তা পাননি। ২০২৪ সালে ব্রুকলিনের প্রসিকিউটররা অভিযোগ তোলেন যে, আদানি গ্রুপ ভারতের সরকারি কর্মকর্তাদের ঘুষ দিয়ে আদানি গ্রিন এনার্জির উৎপাদিত বিদ্যুৎ ক্রয়ে বাধ্য করেছিলেন। এসইসির দাবি, এই ঘটনায় জড়িত কর্মকর্তারা পরবর্তীতে মার্কিন বিনিয়োগকারীদের ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত করেন। মার্কিন আইন অনুসারে, কোনো বিদেশি কোম্পানি যদি

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্রের অনুমতিক্রমেই ফের সশস্ত্র হয়েছে হামাস: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস পুনরায় সশস্ত্র হয়েছে যুক্তরাষ্ট্রের অনুমতিক্রমেইড়এমন মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার ভাষায়, যুদ্ধবিধ্বস্ত গাজায় আইনশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে হামাসের হাতে অস্ত্র রাখার বিষয়টি ওয়াশিংটন সাময়িকভাবে অনুমোদন দিয়েছে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, স্থানীয় সময় সোমবার সকালে ইসরায়েল সফরে যাওয়ার পথে এয়ার ফোর্স ওয়ানে সাংবাদিকদের সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## হোয়াটসঅ্যাপে যুক্ত হচ্ছে ফেসবুক প্রোফাইল

সূর্যোদয় প্রতিবেদন

জনপ্রিয় মেসেজিং অ্যাপ হোয়াটসঅ্যাপ এবার নতুন একটি ফিচার চালু করেছে। এর মাধ্যমে ব্যবহারকারীরা তাঁদের ফেসবুক প্রোফাইল লিংক সরাসরি হোয়াটসঅ্যাপ প্রোফাইলে যুক্ত করতে পারবেন। ফলে মেটার বিভিন্ন প্ল্যাটফর্মে (যেমন হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রাম, ফেসবুক) কোনো ব্যবহারকারীকে সহজে খুঁজে পাওয়া যাবে। প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইট ওয়েব বেটা-ইনফো জানিয়েছে, অ্যান্ড্রয়েডে হোয়াটসঅ্যাপের সর্বশেষ বেটা সংস্করণে (২.২৫.২৯.১৬-এ) এই ফিচারটি পরীক্ষামূলকভাবে চালু হয়েছে। এটি এখনো সব ব্যবহারকারীর কাছে পৌঁছায়নি। ধীরে ধীরে ব্যবহারকারীদের জন্য এটি উন্মুক্ত করা হচ্ছে। তবে



গেজেট-৩৬০ ডিগ্রি জানিয়েছে, তারা অ্যান্ড্রয়েডে হোয়াটসঅ্যাপের সর্বশেষ বেটা সংস্করণ ইনস্টল করেও এই ফিচারটি পায়নি। ফিচারটি চালু হলে ব্যবহারকারীরা তাঁদের

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত্র ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## গ্যাস ও কোষ্ঠকাঠিন্য

(শেষ পৃষ্টার পর)
এনজাইম সমৃদ্ধ পেঁপে হজমে সহায়তা করে এবং অন্ত্র পরিষ্কার রাখতে সাহায্য করে। কোষ্ঠকাঠিন্যের ক্ষেত্রে এটি অত্যন্ত কার্যকর। ফাইবার সমৃদ্ধ চিয়া সিডস হজমের প্রক্রিয়া সহজ করে এবং মলত্যাগে সাহায্য করে। তবে লো ব্লাড প্রেশার বা কিডনির সমস্যা থাকলে চিকিৎসকের পরামর্শ নিয়ে খাওয়াই নিরাপদ। আদা হজম শক্তি বাড়ায় এবং পেটব্যথা বা গ্যাস থেকে দ্রুত আরাম দেয়। আদার রস বা চা হতে পারে কার্যকর ঘরোয়া প্রতিকার। শসা শরীর থেকে অতিরিক্ত সোডিয়াম দূর করে, ফলে পেটের ফোলাভাব কমাতে এটি সহায়ক। প্রতিদিন একাধিক শসা খাওয়া যেতে

## চুয়াডাঙ্গায় বিষাক্ত স্পিরিট পানে

(শেষ পৃষ্টার পর)
রহমান। এ সময় একজনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ বলেন, "স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি দল সচেতনতা ও পরিদর্শন কার্যক্রম চালাচ্ছে। অসুস্থ ব্যক্তিদের বিনা খরচে চিকিৎসার জন্য রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের টক্সিকোলজি বিভাগও আগ্রহ প্রকাশ করেছে। কেউ গোপনে চিকিৎসা নিচ্ছেন, তাদের দ্রুত সদর হাসপাতালে যোগাযোগ করতে হবে।" স্থানীয়রা দীর্ঘদিন ধরে ডিঙ্গেদহ বাজারে অবৈধভাবে মদ ও স্পিরিট বিক্রির অভিযোগ করেছেন। এক বাসিন্দা বলেন, "বছরের পর বছর ধরে মদ বিক্রি হচ্ছে, কিন্তু প্রশাসন নীরব। এখন ছয়জনের প্রাণ গেলেও কি ব্যবস্থা নেওয়া হবে?" পুলিশ জানিয়েছে, মৃতদেহগুলো মর্গে পাঠানো হয়েছে এবং মৃত্যুর প্রকৃত কারণ ও অ্যালকোহলের উৎস অনুসন্ধানে তদন্ত চলছে।

## মির্জা ফখরুল

(শেষ পৃষ্টার পর)
ভুলিয়ে দিয়ে নতুন করে কিছু চিন্তাভাবনা সামনে আনার চেষ্টা হচ্ছে। এটা বাংলাদেশের জন্য শুভ নয়।" তিনি আরও বলেন, "বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে লাখো মানুষ প্রাণ দিয়েছে, ঘরবাড়ি হারিয়েছে। সেই ত্যাগের চেতনা থেকেই আমরা অসাম্প্রদায়িক, মানবিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলতে চাই।" বিএনপির মহাসচিব জোর দিয়ে বলেন, "আমরা গর্বের সঙ্গে বলতে চাইড়আমরা বাংলাদেশি, আমরা স্বাধীনতাযুদ্ধের মাধ্যমে আমাদের স্বাধীনতা অর্জন করেছি। এটি আমাদের প্রতিনিয়ত মনে রাখতে হবে।" দেশে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বিভাজনের প্রচেষ্টা চলছে উল্লেখ করে ফখরুল বলেন, "আমরা সব সময়ই এ ধরনের প্রবণতার প্রতিবাদ করেছি এবং করব।" আগামী নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, "আমরা আশা করি, জনগণ আরেকবার রায় দেবেন যে বাংলাদেশের মানুষ সত্যিকারের অসাম্প্রদায়িক এবং তাঁরা বাংলাদেশি জাতীয়তা বিশ্বাস করেন।" সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতি প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, সংস্কার কমিশন প্রস্তাবিত এই ব্যবস্থা এখন বাস্তবায়ন করা উচিত নয়। এটি জনগণের কাছে নতুন ও অপরিচিত। "এই বিষয়টি আগামী সংসদের ওপর ছেড়ে দেওয়া উচিত," বলেন তিনি। তিনি আরও বলেন, "এখন হঠাৎ করে নতুন ব্যবস্থা চালু করলে জনগণ বিভ্রান্ত হতে পারে। গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা ও দ্রুত নির্বাচনের প্রত্যাশায় থাকা মানুষের জন্য এটি উদ্বেগের বিষয়।" সভায় খ্রিষ্টান ফোরামের নেতারা তাঁদের একজনকে আগামী নির্বাচনে বিএনপি থেকে মনোনয়ন দেওয়ার দাবি জানান। এ প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, "আমি বিষয়টি আমাদের চেয়ারপারসনের কাছে পৌঁছে দেব। আমরা এটিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করব।"

## স্বজনদের আলিঙ্গনে ফিরলেন মুক্ত

(শেষ পৃষ্টার পর)
এর মধ্যে ১ হাজার ৭০০ জন আটক অবস্থায় ছিলেন, আর বাকি ২৫০ জন ছিলেন কারাবন্দী। মুক্তিপ্রাপ্তদের বহনকারী মোট ৩৮টি বাসের মধ্যে প্রথম দুটি বাস ইতোমধ্যে রামাল্লায় পৌঁছেছে। বাকি বাসগুলো ধাপে ধাপে পশ্চিম তীরের বিভিন্ন স্থানে পৌঁছাবে বলে জানা গেছে। ফিলিস্তিনি মানবাধিকার সংস্থাগুলো বলেছে, এ মুক্তি ফিলিস্তিনের জনগণের দীর্ঘদিনের অপেক্ষার অবসান ঘটিয়েছে। তবে তারা দাবি করেছে, এখনো হাজারো ফিলিস্তিনি নারী, শিশু ও তরুণ ইসরায়েলি কারাগারে বন্দি রয়েছেন। রামাল্লার মুক্তি উৎসব শুধু শহর নয়, গোটা ফিলিস্তিনজুড়েই ছড়িয়ে পড়েছে আনন্দের ঢেউ। মুক্তি পাওয়া এক ফিলিস্তিনি বলেন,

"বহু বছর পর নিজের মাটিতে, নিজের মানুষের মাঝে ফিরে আসাটা যেন এক নতুন জীবনের শুরু।" এই মুক্তির মধ্য দিয়ে দীর্ঘদিনের দমন-পীড়নের অধ্যায়ে এক নতুন আশা জাগিয়েছে ফিলিস্তিনি জনগণের মনে।

### হারিয়েছে

আমি মোহন লাল আগরওয়ালা, পিতা: সচিদা নন্দ আগরওয়ালা, মাতা: শান্তি দেবী আগরওয়ালা, স্থায়ী ঠিকানা: মেহেরপুর, গ্রাম: বড় বাজার পাড়া, ওয়ার্ড নং-০৬, থানা: মেহেরপুর সদর, জেলা: মেহেরপুর। গত ২৩ নভেম্বর ২০২৪ থেকে ২৩ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বড় বাজার পাড়া এলাকা থেকে আমার মেঘনা লাইফ ইন্স্যুরেন্সের বীমাপত্র হারিয়ে গেছে। যার সঞ্চয় নং CA ৬৫০১৪, মেয়াদ : ২৮ ডিসেম্বর, ২০২৬। এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। যার আবেদন ট্রাকিং নংt JBRAAD, তারিখ ৫ জানুয়ারী ২০২৫।

### হারিয়েছে

আমি নুরনাহার খাতুন, পিতা: মোঃ দুল্লুপ হোসেন, মাতা: মোছাঃ মাহিজান খাতুন। আমার মূল দাখিল নম্বরপত্র হারিয়ে গেছে। দাখিল রোল নং- ২০৬৪০৭, রেজি: নং- ১৩১৮৮০৭৭৫৮, বোর্ড: মাদরাসা। যাহার জি.ডি নং: ৫১৫, তারিখ: ১১/১০/২০২৫ইং।

## মেক্সিকোতে ভারি বৃষ্টিতে বন্যা

(শেষ পৃষ্টার পর)
রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে ভেরাক্রুজ। এই রাজ্যের বিভিন্ন এলাকা থেকে ১৮ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া ১৬ জন নিহত হয়েছেন হিদালাগো রাজ্যে; পুয়েবলা ও কুয়েরেতারো রাজ্য থেকে উদ্ধার করা হয়েছে যথাক্রমে ৯ ও ১টি মরদেহ। মৌসুমি ঝড় প্রিসিলা ও রেমন্ডের জেরে গত ৬ অক্টোবর থেকে ৯ অক্টোবর পর্যন্ত ভারী বর্ষণ হয় মেক্সিকোজুড়ে। আবহাওয়া দপ্তরের তথ্য বলছে, শুধু ভেরাক্রুজেই তিন দিনে ৫৪০ মিলিমিটার (২১ ইঞ্চিরও বেশি) বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। প্রবল বৃষ্টির জেরে দেশের বিভিন্ন জায়গায় ভূমিধস হয়েছে। ঝড়ো হাওয়ায় অনেক এলাকায় গাছ ও বৈদ্যুতিক খুঁটি উপড়ে বাড়িঘরের ওপর পড়েছে। ফলে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে। প্রসঙ্গত, চলমান প্রাকৃতিক দুর্যোগে মেক্সিকোর ৫৫টি শহরে প্রায় ১৬ হাজার বাড়িঘর ধ্বংস হয়েছে। বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছে সোয়া ৩ লাখের বেশি মানুষ।

## হোয়াটসঅ্যাপে যুক্ত হচ্ছে ফেসবুক

(শেষ পৃষ্টার পর)
হোয়াটসঅ্যাপ প্রোফাইলে ফেসবুক অ্যাকাউন্টের লিংক যুক্ত করতে পারবেন। একবার লিংক যোগ করলে সেটি প্রোফাইলে দেখা যাবে অন্য ব্যবহারকারীরা চাইলে সেই লিংকে গিয়ে সরাসরি ফেসবুক প্রোফাইল দেখতে পারবেন। লিংক ভেরিফাই করা ঐচ্ছিক, অর্থাৎ ব্যবহারকারী চাইলে মেটার অ্যাকাউন্টস সেন্টারের মাধ্যমে নিজের ফেসবুক অ্যাকাউন্ট যাচাই করতে পারবেন। যাচাইকৃত লিংকের পাশে একটি বিশেষ আইকন দেখা যাবে। এ থেকে বোঝা যাবে দুই প্ল্যাটফর্মের অ্যাকাউন্ট একই ব্যক্তির নিয়ন্ত্রণে। আন-ভেরিফাইড লিংকের ক্ষেত্রে সাধারণ আইকন ও পুরো ইউআরএল (টজখ) দেখা যাবে। হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীরা তাঁদের ফেসবুক লিংকের প্রাইভেসি নিয়ন্ত্রণ করতে পারবেন। সেটিংস? প্রাইভেসি? লিংকস-এ গিয়ে তাঁরা নির্ধারণ করতে পারবেন কারা লিংকটি দেখতে পারবে। হোয়াটসঅ্যাপে বার্তা লিখে দেবে এআইহোয়াটসঅ্যাপে বার্তা লিখে দেবে এআই এর আগে হোয়াটসঅ্যাপে ইনস্টাগ্রাম প্রোফাইল লিংক যোগ করার সুবিধা চালু হয়েছিল। নতুন এই ফিচারটি মেটার সব প্ল্যাটফর্মকে আরও বেশি সংযুক্ত ও সমন্বিত করতে যাচ্ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। আগের (২.২৫.২৬.১২) সংস্করণে ফিচারটির প্রাথমিক ব্যবহার দেখা গিয়েছিল। এখন এটি বেটা ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করা হচ্ছে। আগামী কয়েক সপ্তাহ বা মাসের মধ্যেই এটি সাধারণ ব্যবহারকারীদের জন্যও চালু হবে।

## জাতিসংঘের সঙ্গে ৫৭ বছরের পুরনো

(শেষ পৃষ্টার পর)
আবার চুক্তিতে ফিরে যাব।' ১৯৬৮ সালে আইএইএ'র সঙ্গে নন-প্রোলিফারেশন অ্যাক্ট (এনপিটি) চুক্তি স্বাক্ষর করে ইরান। তৎকালীন শাসক রাজা রেজা পাহলভীর আমলে করা এ চুক্তির মাধ্যমে দেশটি প্রতিশ্রুতি দিয়েছিল, তারা কখনও পরমাণু অস্ত্র তৈরি করবে না এবং আইএইএ'র সঙ্গে সহযোগিতা অব্যাহত রাখবে। তবে সাম্প্রতিক বছরগুলোতে ইরান ও পশ্চিমা বিশ্বের মধ্যে পারমাণবিক কর্মসূচি নিয়ে দ্বন্দ্ব তীব্র আকার ধারণ করেছে। গত জুনে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনার পর আইএইএ'র সঙ্গে ইরানের সম্পর্ক আরও তিক্ত হয়ে ওঠে। ৬ জুন এক বিবৃতিতে সংস্থাটি জানায়, ইরানের কাছে বর্তমানে ৪০০ কেজি ইউরেনিয়াম মজুত আছে, যার বিশুদ্ধতা ৬০ শতাংশ। বিশুদ্ধতার মাত্রা যদি ৯০ শতাংশে পৌঁছায়, তবে তা দিয়ে পরমাণু অস্ত্র তৈরি করা সম্ভব। আইএইএ'র ওই বিবৃতির এক সপ্তাহ পর, ১২ জুন রাতে ইসরায়েল "দ্য রাইজিং লায়ন" নামে বিমান অভিযান চালায় ইরানে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু দাবি করেন, জাতিসংঘের পরমাণু সংস্থার প্রতিবেদনই ওই অভিযানের ভিত্তি ছিল। ১২ দিনব্যাপী সংঘাতে ইরানের সেনাপ্রধান, সামরিক বাহিনীর একাধিক উচ্চপদস্থ কর্মকর্তা ও অন্তত ১২ জন জ্যেষ্ঠ পরমাণু বিজ্ঞানী নিহত হন। ব্যাপক ক্ষতি হয় ইরানের বিভিন্ন পরমাণু স্থাপনাতেও। তবে জাতিসংঘের মতে, এখনও পর্যন্ত ৪০০ কেজি ইউরেনিয়ামের কোনো হদিস মেলেনি। সংঘাতের পর আইএইএ তেহরান সফরের আগ্রহ জানালেও ইরান জানায়, তারা সংলাপে রাজি হলেও পরমাণু স্থাপনা দেখানোর বাধ্যবাধকতা নেই। এরপর সেপ্টেম্বরে ব্রিটেন, ফ্রান্স ও জার্মানির পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসেন আব্বাস আরাঘচি। কিন্তু জাতিসংঘের প্রস্তাব মেনে নিতে অস্বীকৃতি জানানোয় বৈঠকটি ব্যর্থ হয়। পরবর্তীতে জাতিসংঘ ইরানের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। রোববারের সাক্ষাৎকারে ইউরোপীয় দেশগুলোর সঙ্গে আলোচনায় ফের বসা হবে কি নাড় জানতে চাইলে আরাঘচি বলেন,

'আমরা তার প্রয়োজন দেখছি না। ইউরোপের সঙ্গে বৈঠকের আর কোনো ভিত্তি নেই।'

## অভিযোগ এসইসির

(শেষ পৃষ্টার পর)
যুক্তরাষ্ট্রে ব্যবসা করে এবং তাদের আর্থিক লেনদেন মার্কিন ব্যাংক বা বিনিয়োগ ব্যবস্থার সঙ্গে যুক্ত থাকে, তবে তারা 'ফরেন করাপ্ট প্র্যাকটিসেস অ্যাক্ট' (ঋঈচঅ)এর আওতায় পড়বে। এসইসি জানিয়েছে, আদানি গ্রুপ যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের ভুল পথে চালিত করার জন্য ঘুষ লুকানোর চেষ্টা করেছে। এ বিষয়ে মন্তব্যের জন্য ভারতের আইন ও ন্যায় মন্ত্রণালয় এবং আদানি গ্রুপের সঙ্গে যোগাযোগ করলেও কোনো পক্ষ থেকেই প্রতিক্রিয়া পাওয়া যায়নি বলে জানিয়েছে রয়টার্স। তবে আদানি গ্রুপ এসইসির অভিযোগকে 'ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত' বলে আখ্যা দিয়েছে। প্রতিষ্ঠানটি জানিয়েছে, অভিযোগ খারিজের জন্য তারা সম্ভাব্য সব আইনি পদক্ষেপ নেবে। চলতি বছরের জানুয়ারিতে আদানি গ্রিন এনার্জি এই অভিযোগ পুনঃপর্যালোচনার জন্য একটি স্বায়ত্তশাসিত আইনি সংস্থাকে দায়িত্ব দেয়। এসইসি আদালতে জানিয়েছে, তারা গৌতম আদানি ও তাঁর ভাতিজা সাগর আদানিকে আইনি নথি পাঠানোর জন্য ভারতের আইন মন্ত্রণালয়ের সঙ্গে বারবার যোগাযোগ করেছে। সর্বশেষ যোগাযোগ করা হয় ১৪ সেপ্টেম্বর। তবে এখন পর্যন্ত নথি পৌঁছানোর কোনো নিশ্চয়তা পাওয়া যায়নি। প্রতিবেদনে আরও বলা হয়েছে, "এসইসি ভারতের আইন ও ন্যায় মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখবে এবং হেগ সার্ভিস কনভেনশন অনুযায়ী অভিযুক্তদের কাছে নথি পৌঁছে দেওয়ার প্রচেষ্টা চালিয়ে যাবে।" এই মামলায় গৌতম আদানি, তাঁর ভাতিজা সাগর আদানি এবং আরও ছয়জনের বিরুদ্ধে সরকারি কর্মকর্তাদের ঘুষ দিয়ে বিদ্যুৎ সরবরাহ চুক্তি বাগিয়ে নেওয়ার অভিযোগ আনা হয়েছে। প্রসিকিউটরদের দাবি, এই চুক্তির মাধ্যমে তারা ২০ বছরে প্রায় ২ বিলিয়ন ডলার মুনাফার আশা করেছিলেন।

## যুক্তরাষ্ট্রের অনুমতিক্রমেই ফের সশস্ত্র

(শেষ পৃষ্টার পর)
আলাপকালে ট্রাম্প এই মন্তব্য করেন। তিনি জানান, যুক্তরাষ্ট্র জানে হামাস গাজায় 'পুনরায় অস্ত্র সংগ্রহ' করছে এবং এই প্রক্রিয়ার জন্য কিছু সময়ের জন্য অনুমতি দেওয়া হয়েছে। ট্রাম্প বলেন, "হামাস এখন গাজায় পুনর্গঠিত হয়ে ফিলিস্তিনি পুলিশ বাহিনী হিসেবে কাজ শুরু করছেড়এমন প্রতিবেদন আমরা পেয়েছি। কয়েক মাসের যুদ্ধের পর তারা গাজায় শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা করছে।" তিনি আরও বলেন, "তারা বিষয়টি প্রকাশ্যেই করছে, এবং আমরা তাদের কিছু সময়ের জন্য অনুমতি দিয়েছি। আপনাকে বুঝতে হবেড়তারা প্রায় ৬০ হাজার মানুষ হারিয়েছে। এটা এক বিশাল প্রতিশোধের বিষয়।" গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, ইসরায়েলি হামলায় এখন পর্যন্ত ৬৭ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন, যাদের মধ্যে ২০ হাজারের বেশি শিশু। ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র চায় গাজার মানুষ যেন নিরাপদে ঘরে ফিরতে পারে এবং পুনর্গঠন শুরু করতে পারে। তিনি গাজাকে বর্ণনা করেন "আক্ষরিক অর্থেই ধ্বংসপ্রাপ্ত" অঞ্চল হিসেবে। একইসঙ্গে সতর্ক করে দিয়ে বলেন, "মানুষ ফিরতে শুরু করলে অনেক ভয়াবহ ঘটনা ঘটতে পারে।" বর্তমানে হামাসের অস্ত্র সমর্পণ বা নিরস্ত্রীকরণের সময়সূচি যুদ্ধবিরতি আলোচনার অন্যতম প্রধান ইস্যু হয়ে দাঁড়িয়েছে। আলোচকেরা এখনো একমত হতে পারেননিড়কীভাবে এবং কখন এই নিরস্ত্রীকরণ কার্যকর হবে।

# কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে মিউজিক ভিডিও

বিনোদন ডেস্ক

কৃত্রিম বুদ্ধিমত্তা এআই দিয়ে বিশ্বজুড়ে ভিডিও কনটেন্ট তৈরির উন্মাদনা চলছে। পিছিয়ে নেই বাংলাদেশও। নির্মিত হয়েছে সম্পূর্ণ এআই জেনারেটেড সিনেম্যাটিক মিউজিক ভিডিও। যেখানে শিল্পীদের চেহারা অরিজিনালটি রেখে তৈরি করা হয়েছে।

গানের শিরোনাম 'নিঝুম রাত'। গানটি গেয়েছেন সুজান আফজাল। গায়কের কথা ও সুরে সংগীত পরিচালনা করেছেন নমন। ভিডিও নির্মাণ করেছেন কণ্ঠশিল্পী নিজেই। সম্প্রতি গানটি ইউটিউবে মুক্তি পেয়েছে। পাশাপাশি শোনা যাচ্ছে দেশি-বিদেশি ডিজিটাল প্ল্যাটফর্মে। এ প্রসঙ্গে কণ্ঠশিল্পী সুজান আফজাল বলেন, 'সম্পূর্ণ এআই দিয়ে নিখুঁতভাবে গানের ভিডিও নির্মিত হয়েছে। সকল চিত্রায়ন একদমই রিয়েল ক্যারেক্টার ইমেজ দিয়ে এডিটিং হয়েছে। এমন রিয়েল ক্যারেক্টার ইমেজ ভিত্তিক সিনেম্যাটিক ভিডিও দিয়ে বাংলাদেশে এআই ভিত্তিক মিউজিক ভিডিওর আরেকটি নতুন অধ্যায়ের সূচনা হলো। আমরাই প্রথম এমন মিউজিক ভিডিও তৈরি করেছি। আশা করছি, দর্শকদের পছন্দ হবে।'

এ প্রসঙ্গে সংগীত পরিচালক নমন বলেন, 'গানটি মেলোডি ঘরানার। গানের সঙ্গে সামঞ্জস্য মিলিয়েই এমন গথিক সিনেম্যাটিক মিউজিক ভিডিও বানানো হয়েছে। এআই ভিত্তিক এমন মেইনস্ট্রিম ভিডিও সম্পাদন করা বড় চ্যালেঞ্জ ছিল। এমন ধরনের চ্যালেঞ্জ নিয়ে সুজান আফজালের কাজ করতে ভালো লাগে। আর এই ভালো লাগা থেকেই এমন একটি মিউজিক ভিডিও বানানো সম্ভব হয়েছে। আশা করি, সকল শ্রোতাদের কাছে গানটি গ্রহণ যোগ্যতা পাবে।' এর আগে সুজান আফজালের 'আঁধার পেরিয়ে' নামে একটি একক অ্যালবাম মুক্তি পেয়েছে। এরপর বেশ কিছু একক গান বের হয়।




রবিউল ... Robiul Islam Memorial Hospital
ডাঃ মোসাঃ নুরুন্নাহ...
এম.বি.বি.এস, বি.সি.এস...
গাইনী ও প্রসূতি চিকিৎসক...
উপ-পরিচালক (অব...
কুষ্টিয়া মেডিকেল কলেজ হা...
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১...

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড, বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী), কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া, এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি. ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা. প্রসূতি ও নারী স্বাস্থ্য,
সার্জারি ও সাধারণ চিকিৎসা, উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি — এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম — উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক। রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ — চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ, এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন — গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন, এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন। রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্ধি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার — মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম), রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির — মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা) রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার — স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান — মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ — মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
Robiul Islam Memorial Hospital
ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন উপ-পরিচালক (অবঃ) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল। রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডাঃ বি.ডি দাস (পিকলু) — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) সি.এম.ইউ (আল্ট্রাসনো) গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডাঃনাজনীন সুলতানা কনা — এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মোঃ আব্দুল আল মারুফ — এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ) বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ সিসিডি (ডায়াবেটিস: বারডেম) পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা) সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ) রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস — এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল) রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডাঃ ইসরাত জেরিন — এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা) মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক আবাসিক মেডিকেল অফিসার রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদঃ তরিকুল ইসলাম — বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন) সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা) ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি রেজিঃ নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি) পুষ্টি বিশেষজ্ঞ রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন: মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯ মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ১৪ অক্টোবর ২০২৫ ইং

## শালিশে ইজ্জতের দাম আড়াই লাখ!

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের পীরতলা গ্রামে এক প্রবাসীর স্ত্রীকে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে একই গ্রামের মুন্না নামের এক ব্যক্তির বিরুদ্ধে। কিন্তু সবচেয়ে ভয়ংকর ও লজ্জাজনক বিষয় হলো ধর্ষণের মতো জঘন্য অপরাধের বিচার হয়েছে শালিশে! সেখানে 'বিচারকরা' অভিযুক্তের কাছ থেকে আড়াই লাখ টাকা জরিমানা আদায় করে, আর সেই টাকার এক টাকাও ভুক্তভোগীর হাতে যায়নি। অভিযোগ রয়েছে, সমাজপতি ও পুলিশ সদস্যরা টাকাটি নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছেন। এ ঘটনা শুধু একটি গ্রামের নয়, বরং আমাদের গ্রামীণ বিচার ব্যবস্থার বিকৃত বাস্তবতার প্রতিচ্ছবি। আইন হাতে নিয়ে 'সমঝোতা' বা 'মীমাংসা'র নামে অপরাধ ঢেকে দেওয়ার প্রবণতা এখন এক গভীর সামাজিক ব্যাধি। ধর্ষণ বা নারী নির্যাতনের মতো অপরাধ কোনোভাবেই শালিশে মীমাংসাযোগ্য নয়,এটি একটি রাষ্ট্রদণ্ডযোগ্য অপরাধ। যখন স্থানীয় সমাজপতি, এমনকি পুলিশের সদস্যরাও আইনের বদলে টাকার বিনিময়ে 'বিচার' করেন, তখন ন্যায়বিচারের ধারণা ভেঙে পড়ে। এতে ভুক্তভোগী নারী দ্বিতীয়বার নির্যাতিত হন। প্রথমে অপরাধীর হাতে, পরে সমাজের হাতে। রাষ্ট্র ও প্রশাসনের দায়িত্ব হচ্ছে, এই অপরাধের শিকারে পরিণত নারীর পাশে দাঁড়ানো, তার অভিযোগের সুষ্ঠু তদন্ত নিশ্চিত করা এবং যারা শালিশের নামে আইন ভঙ্গ করেছে, তাদেরও বিচারের আওতায় আনা।

## পাখিদের স্বাধীনতা কেড়ে নেওয়া মানে প্রকৃতির সুরকে নিঃশব্দ করে দেওয়া

মাহবুবুল হক পোলেন



পাখি মানেই স্বাধীনতা, মানেই নীল আকাশের অসীম বিস্তার। ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে গাছে গাছে তাদের কূজন, উড়াউড়ি- সব মিলিয়ে এক অপরূপ প্রাণময়তা ছড়িয়ে দেয় আমাদের চারপাশে। মানুষ যতটা না বোঝে, প্রকৃতি ততটাই জানে-পাখি ছাড়া এই পৃথিবী অসম্পূর্ণ। অথচ আমরা মানুষ, সভ্যতার নাম করে, শখ আর লালসার মোহে সেই স্বাধীন প্রাণগুলোকে খাঁচায় বন্দি করছি প্রতিনিয়ত। আজকাল শহর কিংবা গ্রাম সব জায়গায় দেখা যায় পাখি বন্দি রাখার প্রবণতা। কেউ খাঁচায় টিয়া পোষে, কেউ ময়না, কেউবা দোয়েল। ছোট্ট খাঁচায় বন্দি সেই পাখিগুলো দিনের পর দিন হারিয়ে ফেলে তাদের প্রাকৃতিক স্বভাব, স্বর, এমনকি উড়ার ইচ্ছাও। যে আকাশে তারা উড়তে চায়, সেই আকাশের দরজা আমরা বন্ধ করে দিই নিজেদের "শখ" পূরণের নামে। অথচ এই শখই প্রকৃতির প্রতি চরম নিষ্ঠুরতা। একবার পশুপাখির দোকানে গেলে দৃশ্যটি সহ্য করা কঠিন। অগণিত পাখি ঠাসাঠাসি করে খাঁচার ভেতরে। কারও চোখে ভয়, কারও ডানায় ধুলা, কারও গলা শুকিয়ে আছে তৃষ্ণায়। কেউ উড়তে চায়, কেউ ডানা ঝাপটায়, কেউ নিশ্চুপ হয়ে মৃত্যুর প্রতীক্ষায় থাকে। তাদের এই কষ্ট আমাদের চোখে ধরা পড়ে না, কারণ আমরা শখের দৃষ্টিতে দেখি,মমতার নয়। কিন্তু সত্যি বলতে কী, একটি খাঁচাবন্দি পাখি আসলে জীবিত নয়; সে কেবল নিঃশব্দে মরে চলেছে প্রতিটি মুহূর্তে। পাখি কেবল সৌন্দর্যের প্রতীক নয়, তারা প্রকৃতির ভারসাম্য রক্ষার অন্যতম উপাদান। তারা কীটপতঙ্গ খেয়ে ফসল রক্ষা করে, বীজ ছড়িয়ে বনজ উদ্ভিদের বিস্তার ঘটায়, এবং জীববৈচিত্র্যের স্বাভাবিক ধারাকে টিকিয়ে রাখে। অনেকেই বলেন, "আমি পাখি ভালোবাসি, তাই খাঁচায় রেখেছি।" কিন্তু খাঁচায় ভালোবাসা থাকে না, থাকে কেবল নিয়ন্ত্রণ। প্রকৃত ভালোবাসা হলো মুক্তি দেওয়া, স্বাধীনভাবে বাঁচতে দেওয়া। বাংলাদেশে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২-এর ৬ ধারা অনুযায়ী কোনো বন্যপ্রাণী ধরা, বন্দি রাখা বা বিক্রি করা দণ্ডনীয় অপরাধ। কিন্তু বাস্তবতা হলো- বাজারে, মেলায়, এমনকি সামাজিক মাধ্যমে পর্যন্ত পাখি বিক্রির বাণিজ্য চলছে অবাধে। প্রশাসনের নজরদারি সীমিত, আর সাধারণ মানুষও উদাসীন। আইন শুধু বইয়ে থাকলে হবে না; প্রয়োগ ও জনসচেতনতা দুই-ই জরুরি। আমরা যদি সত্যিই প্রকৃতিপ্রেমিক হই, তবে প্রথম কাজ হবে খাঁচা ফাঁকা করা। নিজের বাসায়, দোকানে, হাটে যেখানে বন্দি পাখি দেখব, সেখানে সচেতন প্রতিবাদ জানানো। শিশুদের শেখাতে হবে পাখি ধরা নয়, তাদের জন্য গাছ লাগানোই আসল ভালোবাসা।

## মোহর: নারীর অধিকার ও পুরুষের দায়িত্ব

ইকবাল হোসেন ইমন

শরীয়তসম্মত পন্থায় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পর স্বামীর ওপর যে দায়িত্বগুলো বর্তায়, তার অন্যতম হলো মোহর পরিশোধ। ইসলামী ফিকহের পরিভাষায় মোহর এমন এক যৌক্তিক বিনিময়, যা নারীকে তার সম্মান ও অধিকার অনুযায়ী প্রদান করা হয়। এটি কেবল আর্থিক দিক থেকে নয়, বরং দাম্পত্য জীবনের পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা ও দায়িত্ববোধের প্রতীক। বিয়েতে মোহর নির্ধারণ ও তাতে নারীর পূর্ণ মালিকানা ইসলামের এক অনন্য বৈশিষ্ট্য। কুরআনে বলা হয়েছে "তোমরা স্ত্রীদেরকে প্রাপ্য মোহর আনন্দের সঙ্গে প্রদান করো। যদি তারা খুশিমনে কিছু ফেরত দেয়, তবে তা ভোগ করতে কোনো দোষ নেই।" এ আয়াতই প্রমাণ করে, মোহর নারীর পূর্ণ অধিকার এবং তা আদায় করা স্বামীর অবশ্যপালনীয় কর্তব্য। মোহরের সীমা ও গুরুত্ব : ইসলাম মোহরের কোনো সর্বোচ্চ সীমা নির্ধারণ করেনি। এটি নির্ভর করে পুরুষের সামর্থ্য ও সচ্ছলতার ওপর। তাই সামর্থ্যবান পুরুষ নিজের স্ত্রীর জন্য লাখ টাকাও মোহর নির্ধারণ করতে পারেন, এতে কোনো আপত্তি নেই। বরং কুরআনের ভাষায় "প্রভূত সম্পদ" মোহর হিসেবে প্রদান করার বৈধতা দেওয়া হয়েছে। নবী করিম (সা.) এক সাহাবিকে বিয়ের সময় জিজ্ঞাসা করেছিলেন, "তোমার কাছে মোহর বাবদ কী আছে?" সাহাবি বললেন, কিছুই নেই। নবী (সা.) বললেন, "একটি লোহার আংটি হলেও জোগাড় করো।" এই হাদিসে মোহরের গুরুত্ব ও তাৎক্ষণিক আদায়ের তাগিদ সুস্পষ্ট। মোহর পরিশোধে অবহেলা: এক ভয়ানক গাফিলতি, বাস্তবে দেখা যায়, মুসলমানদের বড় একটি অংশ বিয়ের সময় উৎসব-আয়োজনে লাখ লাখ টাকা ব্যয় করলেও মোহর আদায়ে উদাসীন থাকে। অনেকেই কেবল কাগজে-কলমে মোহর নির্ধারণ করে রাখে, কিন্তু সারাজীবন তা পরিশোধ করে না, কিংবা স্ত্রীর কাছ থেকে মাফ করিয়ে নেয়। এ ধরনের আচরণ শুধু শরীয়তের দৃষ্টিতে নয়, নৈতিক দিক থেকেও মারাত্মক অন্যায়। যদি কেউ মোহর আদায় না করেই মৃত্যুবরণ করে, তবে সে স্ত্রীর দেনা নিজের কাঁধে নিয়ে আল্লাহর কাছে হাজির হবে। নবী করিম (সা.) সতর্ক করে বলেছেন, "যে ব্যক্তি মোহর আদায় না করার নিয়তে কোনো নারীকে বিয়ে করে, সে আল্লাহকে ধোঁকা দেয় এবং ব্যভিচারীরূপে কিয়ামতের ময়দানে উপস্থিত হবে।" মোহর নগদ আদায় না করলেও বিবাহ বৈধ হয়, তবে স্ত্রীর পূর্ণ অধিকার রয়েছে মোহর না পাওয়া পর্যন্ত স্বামীকে নিজেকে অর্পণ না করার। এ সময়েও স্বামী তার নিয়মিত ভরণপোষণ দিতে বাধ্য। ইসলাম স্ত্রীকে এই স্বাধীনতা দিয়েছে, যাতে সে নিজের ন্যায্য অধিকার আদায়ের আগ পর্যন্ত সংযম বজায় রাখতে পারে। ফুকাহায়ে কেরাম একে ন্যায্য অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছেন। মোহর কেবল একটি প্রথা নয়. এটি ইসলামী বিবাহ ব্যবস্থার অন্তর্নিহিত ন্যায় ও সম্মানের প্রতীক। এটি নারীকে আর্থিক নিরাপত্তা দেওয়ার পাশাপাশি পুরুষকে দায়িত্ব ও জবাবদিহির শিক্ষা দেয়। তাই মোহর আদায় না করা শুধু একটি আর্থিক বকেয়া নয়; এটি এক ভয়ানক পাপ, যা কিয়ামতের দিন জবাবদিহির কারণ হবে। নারীর প্রাপ্য মোহর পরিশোধ করে নিজেদের বিবাহ ও জীবনের বরকত রক্ষা করি।

## মেহেরপুর, মুজিবনগর ও গাংনীতে

(প্রথম পৃষ্টার পর)

ডিফেন্সের উদ্যোগে দুর্যোগ মোকাবেলায় একটি মহড়া প্রদর্শন করা হয়। গাংনী : মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য র‍্যালি, মহড়া ও আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সাইদুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী, ফায়ার সার্ভিসের কর্মীরা, শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে ভূমিকম্প ও অগ্নিকাণ্ডকালীন জরুরি পরিস্থিতি মোকাবিলার উপর প্রায়োগিক মহড়া অনুষ্ঠিত হয়। ফায়ার সার্ভিসের সদস্যরা দুর্যোগের সময় কিভাবে দ্রুত উদ্ধার কাজ চালাতে হয়, তারা প্রদর্শন করেন। সভায় প্রধান অতিথি নাবিদ হোসেন বলেন, দুর্যোগ মোকাবেলায় সচেতনতা ও প্রস্তুতির বিকল্প নেই। স্কুল, কলেজ, অফিস সবখানে মহড়া ও প্রশিক্ষণের মাধ্যমে মানুষকে প্রস্তুত রাখতে হবে। সবাই একসাথে কাজ করলে দুর্যোগে ক্ষয়ক্ষতি অনেকাংশে কমানো সম্ভব। মুজিব নগর : মুজিবনগর উপজেলা প্রশাসন আয়োজিত এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বাস্তবায়নে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন করা হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১১টায় উপজেলার গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদ্যালয়ের ছাত্রীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। বিশেষ অতিথি ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার সেলিম রেজা এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম। আলোচনা সভায় অতিথিরা ছাত্রীদের মাঝে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ এবং অগ্নিকাণ্ড থেকে বাঁচার উপায়, দুর্যোগের সময় করণীয় বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভার পর একটি বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালী শেষে ছাত্রীদের হাতে-কলমে ভূমিকম্প ও অগ্নি নির্বাপন সম্পর্কিত মহড়া পরিচালনা করেন মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তারা।

## তরুণ কৃষি উদ্যোক্তাদের জন্য

(প্রথম পৃষ্টার পর)

পৌঁছান প্রধান উপদেষ্টা। এ সময় তাকে স্বাগত জানান দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এ. টি. এম. রকিবুল হক। এবারের ইভেন্ট চলবে আগামী ১৭ অক্টোবর পর্যন্ত।

## ভাউচার ছাড়া সার বিক্রি ব্যবসায়ির

(প্রথম পৃষ্টার পর)

সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান জানান, সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত নতুন মদনাডাঙ্গা বাজার এলাকায় নিত্যপ্রয়োজনীয় পণ্য, জ্বালানি গ্যাস, সার ও কীটনাশক বিক্রির ওপর তদারকি অভিযান পরিচালনা করা হয়। এ সময় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ভাউচার ব্যতীত ৪০ বস্তা সার বিক্রির অপরাধে মেসার্স মাসুদ আল নূর প্রতিষ্ঠানকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে আরও কয়েকটি প্রতিষ্ঠানকে ক্রয়-বিক্রয় ভাউচার যথাযথভাবে প্রদান ও সংরক্ষণের নির্দেশনা দেওয়া হয়। একইসঙ্গে মেয়াদোত্তীর্ণ কীটনাশক, বীজ ও অন্যান্য পণ্য ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকতে সতর্ক করা হয়। অভিযানে সার্বিক সহযোগিতা করে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও জেলা পুলিশের একটি টিম।

## গাংনী থানা পুলিশের অভিযানে দুই

(প্রথম পৃষ্টার পর)

ছেলে মোঃ একলাচুর(৩২), হাড়িয়াদহ গ্রামের মোঃ মকুল হোসেনের স্ত্রী মোছাঃ জেসমিন খাতুন ও মহিষাখোলা গ্রামের মজিবর রহমানের স্ত্রী মোছাঃ রেহেনা খাতুন। গাংনী থানার ওসি বানি ইসরাইল জানান, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে আদালতর পরোয়ানা রয়েছে। এরা পুলিশের চোখে ফাঁকি দিয়ে বিভিন্ন স্থানে অবস্থান করতো। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেফতারকৃত আসামীদেরকে বিজ্ঞ আদালতে প্রেরন করা হয়েছে ।

## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র

(প্রথম পৃষ্টার পর)

গ্রামের প্রধান সড়ক ও দোকানপাট এলাকায় এ কর্মসূচি সম্পন্ন হয়। গণসংযোগ কর্মসূচিতে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামের আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান নেতৃত্ব দেন। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, কুতুবপুর ইউনিয়নের তদাকারী মাওঃ জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন এবং রুদ্রনগর ওয়ার্ড সভাপতি শেরেকুল ইসলাম প্রমুখ। গণসংযোগে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## চুয়াডাঙ্গা বিজিবির মাদক ও

(প্রথম পৃষ্টার পর)

মুজিবনগর, নাজিরাকোনা, বাজিতপুর ও ঝা ঝা বিওপি এলাকায় নিয়মিত টহল ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালিত হয়। জব্দকৃত উল্লেখযোগ্য সামগ্রীসমূহের মধ্যে রয়েছে: হেরোইন: ২২ গ্রাম, মদ: ৪৯ বোতল, গাঁজা: ২১.০৪ কেজি
টেপেনটাডল ট্যাবলেট: ৬৫০ পিস, নেশা জাতীয় ট্যাবলেট: ১৩১৫, পিস ফেন্সিডিল: ৭৪ বোতল, ভারতীয় শাড়ি: ৩৩ পিস, বাংলাদেশী নগদ টাকা: ১১,৬০,০০০ টাকা, ভারতীয় পেঁয়াজ: ৪৮৫ কেজি. ভারতীয় ছাগল: ২ টি, চুয়াডাঙ্গা ও মেহেরপুর সীমান্তে দীর্ঘদিন ধরে সক্রিয় মাদক ও চোরাচালান চক্রের বিরুদ্ধে বিজিবি নিয়মিত অভিযান চালাচ্ছে। বিজিবি জানিয়েছে, সীমান্ত এলাকা মাদক ও চোরাচালানমুক্ত রাখার এ অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## গাংনীতে দুই কোটি টাকার এসওপি

(প্রথম পৃষ্টার পর)

ইউনিয়নের নেতা আক্তারুজ্জামান বলেন, "আমাদের জানানো হয় মাল চুয়াডাঙ্গার জীবননগরে নামানোর কথা ছিল, কিন্তু পরে ফোনে জানানো হয় গাংনীতে আনলোড করতে। ঠিক কী কারণে এখানে নামানো হলো, তা আমরা জানি না।" গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন বলেন, "ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানি এই সারগুলো এনেছে বলে জানা গেছে। আমরা সারগুলোর কাগজপত্র জব্দ করেছি এবং মালিকদের আগামীকাল উপস্থিত হতে বলা হয়েছে। সবকিছু যাচাই-বাছাই করে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।" গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, "বর্তমানে সার নিয়ে কিছুটা সংকট চলছে। তাই বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। সারগুলো নিরাপদে রাখা হয়েছে এবং প্রয়োজনীয় কাগজপত্র যাচাই সাপেক্ষে যথাযথ সিদ্ধান্ত নেওয়া হবে।" সারগুলো আপাতত গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইদুল ইসলামের জিম্মায় নিরাপদে সংরক্ষণ করা হয়েছে বলে উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

## জেলা স্কাউটসের কার্যনির্বাহী কমিটির

(প্রথম পৃষ্টার পর)

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সদর উপজেলা স্কাউটস সম্পাদক আশরাফুজ্জামান, কমিশনার শফিকুল ইসলাম মিন্টু, মুজিবনগর উপজেলা সম্পাদক রুতসোণা মন্ডল, ফারুক হোসেন প্রমুখ। সভায় বক্তারা স্কাউট কার্যক্রমকে তৃণমূল পর্যায়ে আরও শক্তিশালী করা, শিক্ষার্থীদের নেতৃত্বগুণ বিকাশে স্কাউট আন্দোলনের ভূমিকা জোরদার করা এবং শিক্ষাপ্রতিষ্ঠানে স্কাউটসের সম্পৃক্ততা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন। এছাড়াও ভবিষ্যৎ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

## ভোটকেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে

(প্রথম পৃষ্টার পর)

স্থানে রাখার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

## জাতীয় নির্বাচনের দিন গণভোট

(প্রথম পৃষ্টার পর)

(ইসি) সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। এদিন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এম এম নাসির উদ্দিনের নেতৃত্বে অনুষ্ঠিত বৈঠকে চার নির্বাচন কমিশনার ও ইসি সচিব উপস্থিত ছিলেন। জামায়াতের পক্ষে ডা. তাহেরের নেতৃত্বে বৈঠকে অংশ নেন দলের কেন্দ্রীয় নেতা এ এইচ এম হামিদুর রহমান আযাদ, অ্যাডভোকেট জসিম উদ্দিন সরকার ও মতিউর রহমান আকন্দ। বৈঠক শেষে ডা. তাহের বলেন, "আমাদের কেউ কেউ বলেনড়্গাণভোট করতে গিয়ে যদি কোনো ঝামেলা হয়, তাহলে জাতীয় নির্বাচন অনিশ্চিত হয়ে যেতে পারে। কিন্তু জাতীয় নির্বাচনের দিন যদি গণভোট করা হয়, আর সেখানে কোনো অঘটন ঘটে, তাহলে আম-ছালা দুটোই যাবে।" তিনি বলেন, গণভোটের মতো একটি সহজ ও সীমিত নির্বাচনী প্রক্রিয়া পরীক্ষামূলকভাবে আয়োজন করা যেতে পারে। "আমরা মনে করি, গণভোটের মতো একটি সহজ নির্বাচন এক্সপেরিমেন্ট হিসেবে করা যেতে পারে। এতে জাতীয় নির্বাচনের সময় পুলিশ বা প্রশাসনের ভূমিকা কেমন হবে, তা দেখা যাবে।" ডা. তাহেরের ভাষায়, গণভোট খুব সরল একটি নির্বাচন; এতে বড় ধরনের অর্থব্যয় নেই। "যে বাক্স জাতীয় নির্বাচনে ব্যবহার করা হবে, সেটিই গণভোটে ব্যবহার করা সম্ভব। বাড়তি খরচ শুধু ব্যালট পেপার, কালি এবং নির্বাচনী কর্মকর্তাদের যাতায়াত ও থাকা-খাওয়ার খরচ।" তবে তিনি সতর্ক করে বলেন, জাতীয় নির্বাচনের দিন গণভোট আয়োজন করলে বিভ্রান্তি ও বিশৃঙ্খলার আশঙ্কা বাড়বে। "সেদিন সব রাজনৈতিক দল জাতীয় নির্বাচনে ব্যস্ত থাকবে। গ্রামের সাধারণ ভোটাররা হয়তো ধানের শীষ বা দাঁড়িপাল্লায় ভোট দিয়ে গণভোটের ব্যালট পকেটে নিয়ে চলে যাবে। তখন তাকে আবার ভোট দিতে বলার কেউ থাকবে না, কারণ দলীয় কর্মীরা জাতীয় নির্বাচনের দিকেই মনোযোগী থাকবে।" ডা. তাহের বলেন, সে কারণে আমরা বলেছিড়্জাতীয় নির্বাচন ও গণভোট পৃথকভাবে করতে হবে। আলাদা করে করলে মানুষ এতে সাড়া দেবে, এবং দেশের মানুষ সংস্কার চায়ড়্এটিও প্রতিফলিত হবে।"

## প্রত্যেক উপদেষ্টা আখের গোছানোর

(প্রথম পৃষ্টার পর)

নিজের আখের গোছানোর কাজ করে রেখেছেন। সরকার আজ দেশের মানুষের বিপক্ষে, শিক্ষাব্যবস্থার বিপক্ষে দাঁড়িয়েছে।" রোববার বিকেলে কেন্দ্রীয় শহীদ মিনারে এমপিওভুক্ত শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে একাত্মতা জানিয়ে এসব কথা বলেন সামান্তা শারমিন। তিনি বলেন, দেশের ছাত্র-জনতা, শিক্ষক-চিকিৎসকসহ নানা পেশার মানুষের রক্ত ও ত্যাগের বিনিময়ে অন্তর্বর্তী সরকার ক্ষমতায় এসেছে। "কিন্তু খবর পাচ্ছি, তারা নাকি ৩০০ কোটি টাকা দিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ে গাড়ি কিনছেন। অথচ শিক্ষকদের বেতন-ভাতা বাড়ানোর কথা বললেই বলা হয়ড় সরকারের টাকা নেই," যোগ করেন তিনি। শিক্ষা কমিশন গঠন না করার সমালোচনা করে সামান্তা শারমিন আরও বলেন, "গণঅভ্যুত্থানের পর আমাদের আশা ছিল শিক্ষা কমিশন গঠন করা হবে। শেখ হাসিনা পরিকল্পিতভাবে যে শিক্ষাব্যবস্থাকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে গেছেন, তা ঠেকাতে একটি শিক্ষা কমিশন অত্যন্ত জরুরি ছিল। কিন্তু দেখা গেল, সরকার দেশকে কেবল নির্বাচনের দিকে ঠেলে দিচ্ছে। শিক্ষকদের আশা-আকাঙ্ক্ষার কোনো প্রতিফলন ঘটেনি।" তিনি আরও বলেন, "গুলিতে মানুষ হত্যা যেমন ভয়ংকর, তেমনি শিক্ষাব্যবস্থা ধ্বংস করাও কম অপরাধ নয়। শিক্ষকদের অবমূল্যায়নই শিক্ষাব্যবস্থা ধ্বংসের মূল কারণ। প্রশিক্ষণ, বেতন-ভাতাড়্সবক্ষেত্রেই চরম অবহেলা করা হয়েছে। শিক্ষকদের ২০ শতাংশ বাড়ি ভাড়া ভাতা দেওয়ার বিষয়টিও আজ সরকারের কাছে দাবি জানাতে হয়ড় এটা লজ্জার।" এ সময় এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ শিক্ষকদের ওপর হামলার ঘটনায় পুলিশের ক্ষমা দাবি করে বলেন, "রাস্তায় ফেলে শিক্ষক পেটানো কোনো সভ্য রাষ্ট্রের কাজ নয়। এ ধরনের কাজ কোনো সভ্য সরকার করতে পারে না। যাদের আটক করা হয়েছে, তাদের দ্রুত মুক্তি দিতে হবে।" তিনি আরও বলেন, "আমাদের দেশের শিক্ষকরা তৃতীয়-চতুর্থ শ্রেণির নাগরিকের মতো জীবনযাপন করেন, অথচ তাদের কাছ থেকে রাষ্ট্র প্রথম শ্রেণির নাগরিক প্রত্যাশা করে। মাস শেষে ১২ থেকে ১৫ হাজার টাকায় একজন শিক্ষক কিভাবে বাঁচবেন?" শিক্ষকদের সঙ্গে সংহতি প্রকাশের ওই কর্মসূচিতে আরও বক্তব্য দেন এনসিপির যুগ্ম সদস্যসচিব ও শিক্ষাবিষয়ক সম্পাদক ফয়সাল মাহমুদ শান্ত, যুগ্ম সদস্যসচিব জয়নাল আবেদীন শিশিরসহ দলের অন্যান্য নেতারা।

## কোনো দলের সঙ্গে যোগ দেওয়ার

(প্রথম পৃষ্টার পর)

নয়।" সোমবার (১৩ অক্টোবর) রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল আলম মিলনায়তনে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। প্রাথমিক বিদ্যালয়ে সঙ্গীত শিক্ষক নিয়োগ বাতিল, ধর্মীয় শিক্ষক নিয়োগের নতুন বিধিমালা প্রণয়ন, কুরআন অবমাননার বিচার এবং কাঠামোগত ইসলামবিদ্বেষ রোধে কঠোর আইন প্রণয়নের দাবিতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে হেফাজতে ইসলাম। মামুনুল হক আরও বলেন, "আমাদের আমির সবসময় ধর্মীয় বিষয়ে বক্তব্য দেন। তিনি যদি কোনো বক্তব্য দিয়ে থাকেন, সেটি তাঁর ব্যক্তিগত মত। সংগঠন কোনো সিদ্ধান্ত নিলে সেটি আনুষ্ঠানিকভাবে জানানো হবে।" সংবাদ সম্মেলনে সংগঠনটির মহাসচিব সাজিদুর রহমান বলেন, "শিক্ষাপ্রতিষ্ঠানে নাচ-গানের শিক্ষক নিয়োগ দিয়ে সরকার একটি ইসলামবিরোধী পদক্ষেপ নিয়েছে। আমাদের জনগণ ইসলামী আদর্শে বিশ্বাসীড়্তারা চায় না তাদের সন্তানরা স্কুলে গান-বাজনা শিখুক। সরকারকে অনতিবিলম্বে প্রাথমিক বিদ্যালয়ে সঙ্গীত শিক্ষকের নিয়োগ বাতিল করে ধর্মীয় শিক্ষক নিয়োগের নতুন বিধিমালা প্রণয়ন করতে হবে।" তিনি আরও দাবি করেন, কুরআন অবমাননার ঘটনায় সর্বোচ্চ শাস্তির বিধান রেখে নতুন আইন প্রণয়ন করতে হবে, যাতে ভবিষ্যতে কেউ ধর্মীয় অনুভূতিতে আঘাত হানতে সাহস না পায়। সংবাদ সম্মেলনে হেফাজতে ইসলামের আমির আল্লামা মুহিবুল্লাহ বাবুনগরীসহ সংগঠনের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে বিএনপি মহিলা দলের

(প্রথম পৃষ্টার পর)

বিশ্বাস। জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়ন সভায় সভাপতিত্ব করেন এবং জেলা মহিলা দলের অর্থ সম্পাদক রুপালি খাতুন সঞ্চালনার দায়িত্ব পালন করেন। সভায় উপস্থিত ছিলেন জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, নেত্রী ফিরোজা আক্তার পপি, বিউটি, রঞ্জনা, মল্লে, কল্পনা, শেফালী, তানিয়া সহ বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ডের নেত্রীবৃন্দ। বক্তারা বলেন, সংগঠনের প্রতিটি স্তরে ঐক্য গড়ে তোলা এবং সক্রিয় নেতৃত্বের মাধ্যমে মহিলা দলকে আরও শক্তিশালী ও গতিশীল করে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগামী দিনের আন্দোলন-সংগ্রামে নারীদের অগ্রণী ভূমিকা রাখতে হবে। সভা শেষে নেত্রীবৃন্দ দলীয় সংগঠনকে আরও সুসংহত করতে মাঠপর্যায়ে কার্যক্রম জোরদারের আহ্বান জানান।

## মুজিবনগরে "তরুণ নেতৃত্ব বিকাশ"

(প্রথম পৃষ্টার পর)

সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট গঠন করেন, যা তাদের দক্ষতা বাস্তব জীবনে প্রয়োগের সুযোগ দেবে। প্রশিক্ষণটি এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি প্রকল্পের আওতায় আয়োজন করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেনিং অফিসার মোঃ মনিরুজ্জামান, খুলনা ক্লাস্টারের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ ও ট্রেনিং এক্সপার্ট সৈয়দ আমিনুর রহমান। সার্বিক ব্যাবস্থাপনার দায়িত্বে ছিলেন এমআইপিএস প্রকল্পের যশোর রিজিওনের ফিল্ড কোঅর্ডিনেটর মো: আশরাফুজ্জামান, পিএফজি সমন্বয়কারি মো: ওয়াজেদ আলি খান ও ওয়াইপিএজি সমন্বয়কারি মো: রিয়াজ শেখ। সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান তাদের নেতৃত্ব বিকাশে নতুন দিক খুলবে বলে অভিমত প্রকাশ করেন।

## কোন সমীকরণে ২০২৭ বিশ্বকাপ

(শেষ পৃষ্টার পর)

আয়োজক দক্ষিণ আফ্রিকা যদি সেরা আটের বাইরে চলে যায় সেক্ষেত্রে বাংলাদেশকে থাকতে হবে সেরা আটে। আফগানিস্তান সিরিজের পর বাংলাদেশ ২০২৭ সালের ৩১ মার্চের মধ্যে আরও আটটি সিরিজ খেলবে। প্রতিটি সিরিজেই ৩টি করে, অর্থাৎ ২৪টি ম্যাচ হবে। আফগান সিরিজ শেষ করেই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিনটি ওয়ানডে ম্যাচ খেলবে বাংলাদেশ। টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে বাংলাদেশের আর কোনো ওয়ানডে সিরিজ নেই। এরপর নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, জিম্বাবুয়ে, আয়ারল্যান্ড, ভারত ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজ খেলবে বাংলাদেশ। প্রতিটি সিরিজই তিন ম্যাচের। এর মধ্যে আগামী মার্চ-এপ্রিলে পাকিস্তান ও নিউজিল্যান্ড, জুনে অস্ট্রেলিয়া ও সেপ্টেম্বরে ভারতের বিপক্ষে ঘরের মাঠে খেলবে বাংলাদেশ। জিম্বাবুয়ে, আয়ারল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা সিরিজ তিনটি দেশের বাইরে খেলবে বাংলাদেশ।

## অস্থায়ী কারাগার' প্রসঙ্গে যা বললেন

(শেষ পৃষ্টার পর) ট্রাইব্যুনালের জারিকৃত গ্রেফতারি পরোয়ানার পর ১৫ জন সেনা কর্মকর্তাকে সেনা হেফাজতে নেওয়ার পর এই সিদ্ধান্ত আসে। রাষ্ট্রপতির আদেশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের কারা-১ শাখার উপসচিব মো. হাফিজ আল আসাদ স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়, ফৌজদারি কার্যবিধি ১৮৯৮-এর ধারা ৫৪১(১) এবং দ্য প্রিজন্স অ্যাক্ট, ১৮৯৪-এর ধারা ৩(বি)-এর ক্ষমতাবলে ঢাকা সেনানিবাসের বাশার রোড সংলগ্ন উত্তর পাশে অবস্থিত 'এমইএস বিল্ডিং নং-৫৪'-কে সাময়িকভাবে কারাগার হিসেবে ঘোষণা করা হলো। প্রজ্ঞাপনে আরও বলা হয়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ ঘোষণা অবিলম্বে কার্যকর হবে। তবে কোন উদ্দেশ্যে ভবনটি ব্যবহার করা হবে, তা প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়নি।
উল্লেখ্য, জুলাই মাসের গণঅভ্যুত্থান-সহ বিগত সরকারের আমলে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সম্প্রতি সাবেক ও বর্তমান ২৪ জন সেনা কর্মকর্তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। আদেশে বলা হয়, তাদের ২১ অক্টোবরের মধ্যে গ্রেফতার করে ২২ অক্টোবর আদালতে হাজির করতে হবে। এরই ধারাবাহিকতায় গত ১১ অক্টোবর সেনাবাহিনীর সদর দপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অ্যাডজুট্যান্ট জেনারেল মেজর জেনারেল মো. হাকিমুজ্জামান জানান, যেসব কর্মকর্তার বিরুদ্ধে চার্জশিট হয়েছে, তাদের মধ্যে ১৫ জনকে সেনা হেফাজতে নেওয়া হয়েছে। তিনি বলেন, "আমরা ১৬ জনকে সেনা হেফাজতে আসার আহ্বান জানিয়েছিলাম, এর মধ্যে ১৫ জন সাড়া দিয়েছেন।" সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক সামরিক সচিব মেজর জেনারেল কবির আহমেদ বর্তমানে ইলিগ্যাল অ্যাবসেন্ট (পলাতক) অবস্থায় আছেন।

## বাংলাদেশ কংগ্রেস

(শেষ পৃষ্টার পর)

কংগ্রেসকেই' প্রতীকটি দেওয়া উচিত। আবেদনে আরও বলা হয়, ২০১৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই দলটি তাদের প্রচারপত্র, পোস্টার ও অফিসিয়াল নথিপত্রে 'শাপলা'কে দলীয় লোগো হিসেবে ব্যবহার করে আসছে। তবে ২০১৭ সালে নিবন্ধনের সময় নির্বাচন কমিশন জানায়, 'শাপলা' জাতীয় প্রতীক হওয়ায় তা রাজনৈতিক দলের প্রতীক হিসেবে ব্যবহারযোগ্য নয়। ইসির আপত্তির পর দলটি বিকল্প হিসেবে 'বই' প্রতীক প্রস্তাব করে। পরে সুপ্রিম কোর্টের রায়ের পর বাংলাদেশ কংগ্রেসের নিবন্ধন পেলেও, কমিশনের গেজেটভুক্ত তালিকায় 'শাপলা' না থাকায় দলটিকে বাধ্য হয়ে 'ডাব' প্রতীক নিতে হয়। সর্বশেষ আবেদনে দলটি উল্লেখ করেছে, সম্প্রতি আরও কয়েকটি নতুন দল 'শাপলা' প্রতীক চেয়েছে। তাই যদি সরকার বা নির্বাচন কমিশন জাতীয় প্রতীক 'শাপলা'কে রাজনৈতিক প্রতীক হিসেবে ব্যবহারের অনুমতি দেয়, তবে "প্রথম দাবিদার হিসেবে বাংলাদেশ কংগ্রেসকে অগ্রাধিকার দিতে হবে।" উল্লেখ্য, এর আগে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-ও দলীয় প্রতীক হিসেবে 'শাপলা' বরাদ্দের দাবি জানিয়েছিল। ফলে একই প্রতীক নিয়ে এখন দুই দলের মধ্যে প্রতিযোগিতা তৈরি হলো।


### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
### মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/২১৬
চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল

**সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৮৭**

**এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলোঃ**

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ১৪,১৫ ও ১৬ অক্টোবর' ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ১৯/১০/২০২৫ (বিকাল ৪ টা)
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২১/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। চূড়ান্ত তালিকা প্রকাশঃ ২১/১০/২০২৫ প্রিজাইডিং অফিসার ও প্রতিষ্ঠান প্রদানের কার্যালয়।

৫। নির্বাচনঃ ২/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

**মোঃ মনিরুল ইসলাম**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**মেহেরপুর সদর**
**ও প্রিজাইডিং অফিসার**
**ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫**
**চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়।**